



ছুটির দিনে দাদীমার সাথে

Holidays with grandmother

✎ Violet Otieno

✎ Catherine Groenewald

✎ Asma Afreen

📊 4

🗨️ বাংলা [bn](#) / English [en](#)



ওডোঙ্গ এবং এপিও তাদের বাবার সাথে শহরে বাস করত। তারা ছুটির জন্য অধীর আগ্রহে অপেক্ষা করত। শুধুমাত্র স্কুল বন্ধ ছিল এজন্য নয়, বরং তাদের দাদীমার সাথে দেখা করার জন্য। তাদের দাদীমা বিরাট বিলের পাশে এক জেলেপাড়ায় বাস করতেন।

...


Odongo and Apiyo lived in the city with their father. They looked forward to the holidays. Not just because school was closed, but because they went to visit their grandmother. She lived in a fishing village near a large lake.



ওডোঙ্গ এবং এপিও অনেক আনন্দিত ছিল কারণ এটি ছিল তাদের দাদীমার সাথে আবার দেখা হবার সময়। আগের রাতে তারা তাদের সব ব্যাগ গুছিয়ে নেয় এবং গ্রামের উদ্দেশ্যে দীর্ঘ যাত্রার জন্য প্রস্তুত হয়। খুশিতে তারা রাতে ঘুমোতেই পারেনি, এবং সারারাত ছুটি নিয়ে গল্প করেই কাটিয়ে দেয়।

...

Odongo and Apiyo were excited because it was time to visit their grandmother again. The night before, they packed their bags and got ready for the long journey to her village. They could not sleep and talked the whole night about the holiday.



পরদিন ভোরে, তাদের বাবার গাড়িতে করে তারা গ্রামের পথে রওনা দেয়। তারা অনেক পাহাড়, বন্য জীবজন্তু এবং চা বাগান পাড়ি দিয়ে চলল। পথে তারা গাড়ি গণনা করল এবং অনেক গান গাইল।

...

Early the next morning, they left for the village in their father's car. They drove past mountains, wild animals and tea plantations. They counted cars and sang songs.



কিছুক্ষন পর তারা ক্লান্ত হয়ে ঘুমিয়ে পড়ল।

...

After a while, the children were tired and fell asleep.



বাবা গ্রামে পৌঁছে ওডোঙ্গ এবং এপিওকে ঘুম থেকে তুললেন। তারা তাদের দাদীমা, ন্যার-কান্যাদা কে এক গাছের নিচে বিশ্রামাবস্থায় দেখতে পেল। লুও গোত্রে ন্যার-কান্যাদা অর্থ হল “কান্যাদা গোত্রের মেয়ে”। তিনি একজন শক্তিশালী এবং সুন্দরী মহিলা ছিলেন।

...

Father woke up Odongo and Apiyo as they arrived in the village. They found Nyar-Kanyada, their grandmother, resting on a mat under a tree. Nyar-Kanyada in Luo, means ‘daughter of the people of Kanyada’. She was a strong and beautiful woman.



ন্যার-কান্যাদা বাড়িতে তাদের স্বাগত জানালেন এবং আনন্দে গান গেয়ে সারা ঘরে নেচে বেড়ালেন। তার নাতি-নাতনীরা তাকে শহর থেকে আনা উপহারগুলো দিতে উৎসুক হয়ে উঠল। ওডোঙ্গ বলল, “প্রথমে আমার উপহারটি খুলুন!” এপিও বলল, “না, আমার উপহার প্রথম!”

...

Nyar-Kanyada welcomed them into the house and danced around the room singing with joy. Her grandchildren were excited to give her the presents they brought from the city. “First open my gift,” said Odongo. “No, my gift first!” said Apiyo.



উপহারগুলো খোলার পর, ন্যার-কান্যাদা ঐতিহ্য অনুযায়ী তাঁর নাতি-
নাতনীদের আশীর্বাদ করলেন।

...

After she opened the presents, Nyar-Kanyada blessed her
grandchildren in a traditional way.



তারপর ওডোঙ্গ এবং এপিও বাহিরে গেল। তারা প্রজাপতি এবং পাখিদের
পিছে ছুটে বেড়াল।

...

Then Odongo and Apiyo went outside. They chased
butterflies and birds.



তারা গাছে চড়ল এবং বিলের পানি ছিটিয়ে খেলা করল।

...


They climbed trees and splashed in the water of the lake.



সন্ধ্যা নেমে এলে তারা সন্ধ্যাভোজের জন্য বাড়ি ফিরল। ভোজ শেষ হবার আগেই তারা ঘুমিয়ে পড়তে নিল।

...

When it was dark they returned to the house for dinner.
Before they could finish eating, they were falling asleep!



পরদিন তাদের বাবা তাদের ন্যার-কান্যাদার সাথে রেখে শহরে ফিরে গেলেন।

...

The next day, the children's father drove back to the city leaving them with Nyar-Kanyada.



ওডোঙ্গ এবং এপিও তাদের দাদীমাকে গৃহস্থালির কাজে সাহায্য করল। তারা পানি এবং লাকড়ি নিয়ে আসল। তারা মুরগী থেকে ডিম সংগ্রহ করল এবং বাগান থেকে শাকসবজি তুলল।

...

Odongo and Apiyo helped their grandmother with household chores. They fetched water and firewood. They collected eggs from the chickens and picked greens from the garden.



ন্যার-কান্যাদা তাঁর নাতি-নাতনীকে “স্টিউ” এর সাথে খাওয়ার নরম “উগালি” বানানো শেখালেন। তিনি তাদের দেখালেন কিভাবে ভাঁজা মাছের সাথে খেতে নারকেল ভাত বানাতে হয়।

...

Nyar-Kanyada taught her grandchildren to make soft ugali to eat with stew. She showed them how to make coconut rice to eat with roast fish.



এক সকালে, ওডোঙ্গ তার দাদীমার গরুগুলো চরাতে নিয়ে গেল। গরুগুলো এক প্রতিবেশীর ক্ষেতে ঢুকে পড়ল। এতে প্রতিবেশী কৃষক ওডোঙ্গের উপর ক্ষুব্ধ হলেন। তিনি গরুগুলোকে তাঁর শস্য খেয়ে ফেলার অপরাধে রেখে দেবার হুমকি দিলেন। সেই দিনের পর, ছেলেটি খেয়াল রাখত যেন গরুগুলো আর বিপদে না পড়ে।

...

One morning, Odongo took his grandmother's cows to graze. They ran onto a neighbour's farm. The farmer was angry with Odongo. He threatened to keep the cows for eating his crops. After that day, the boy made sure that the cows did not get into trouble again.



আরেকদিন, বাচ্চারা ন্যার-কান্যাদার সাথে বাজারে গেল। ন্যার-কান্যাদা বাজারে একটি শাকসবজি, চিনি এবং সাবান বিক্রির দোকান দিলেন। এপিও ক্রেতাদের পণ্যের দাম বলতে পছন্দ করল। ওডোঙ্গ ক্রেতাদের পণ্য প্যাক করে দিল।

...

On another day, the children went to the marketplace with Nyar-Kanyada. She had a stall selling vegetables, sugar and soap. Apiyo liked to tell customers the price of items. Odongo would pack the items that customers bought.



দিন শেষে তারা একসাথে চা পান করল। তারা দাদীমাকে তাঁর অর্জিত অর্থ গণনা করতে সাহায্য করল।

...

At the end of the day they drank chai tea together. They helped grandmother to count the money she earned.



কিন্তু খুব শীঘ্রই ছুটি শেষ হয়ে গেল এবং বাচ্চাদের শহরে ফিরে যাবার সময় হল। ন্যার-কান্যাদা ওডোঙ্গকে একটি টুপি এবং এপিওকে একটি সোয়েটার দিলেন। তিনি তাদের পথে খেতে খাবার দিয়ে দিলেন।

...

But too soon the holidays were over and the children had to go back to the city. Nyar-Kanyada gave Odongo a cap and Apiyo a sweater. She packed food for their journey.



যখন তাদের বাবা তাদের নিতে আসলেন, তখন তারা ফিরে যেতে চাচ্ছিল না। বাচ্চারা ন্যার-কান্যাদাকে তাদের সাথে শহরে যেতে অনুরোধ করল। তিনি হাসলেন এবং বললেন, “আমি শহরের জন্য খুবই বৃদ্ধ। আমি তোমাদের আবার আমার গ্রামে আসার জন্য অপেক্ষা করব।”

...

When their father came to fetch them, they did not want to leave. The children begged Nyar-Kanyada to go with them to the city. She smiled and said, “I am too old for the city. I will be waiting for you to come to my village again.”



ওডোঙ্গ এবং এপিও দুজনই দাদীমাকে শক্ত করে জড়িয়ে ধরল এবং বিদায় জানাল।

...

Odongo and Apiyo both hugged her tightly and said goodbye.



যখন ওডোঙ্গ এবং এপিও স্কুলে ফিরে গেল, তখন তারা তাদের বন্ধুদের গ্রামের জীবন সম্পর্কে বলল। কিছু বাচ্চা মনে করল যে শহরের জীবন ভাল। অন্যরা ভাবল যে গ্রামের জীবন ভাল। কিন্তু, সবচেয়ে গুরুত্বপূর্ণ হল, সবাই একমত পোষণ করল যে ওডোঙ্গ এবং এপিওর একজন চমৎকার দাদীমা আছেন।

...

When Odongo and Apiyo went back to school they told their friends about life in the village. Some children felt that life in the city was good. Others felt that the village was better. But most of all, everyone agreed that Odongo and Apiyo had a wonderful grandmother!




Global Storybooks

globalstorybooks.net

ছুটির দিনে দাদীমার সাথে

Holidays with grandmother

 Violet Otieno

 Catherine Groenewald

 Asma Afreen (bn)

